



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/19/2021

গভর্নর ক্যাথি হোচুল

কলম্বাস ডে উইকএন্ডে বেসামাল অবস্থায় গাড়ি চালানোর কারণে স্টেট পুলিশ 207 জন ব্যক্তিকে গ্রেফতার করেছে বলে গভর্নর হোকলের ঘোষণা

ক্যাম্পেইন চলাকালীন সময়ে ট্রুপাররা মাত্রাতিরিক্ত গতিতে গাড়ি চালানোর জন্য ইস্যু করা 7,300টিরও বেশি টিকেট সহ আনুমানিক 18,000 টিকেট ইস্যু করেছে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট পুলিশ কলম্বাস ডে উইকএন্ডব্যাপী বিশেষভাবে ট্রাফিক আইন প্রয়োগের এই সময়কালে 17,797টি টিকেট ইস্যু করেছে এবং বেসামাল অবস্থায় গাড়ি চালানোর কারণে 207 জন ব্যক্তিকে গ্রেফতার করেছে। এই উদ্যোগ - যা মাত্রাতিরিক্ত গতিতে গাড়ি চালানো ও বেসামাল অবস্থায় গাড়ি চালানোর কারণে ড্রাইভারদের টার্গেট করেছে - বৃহস্পতিবার, 7ই অক্টোবর থেকে শুরু হয়ে মঙ্গলবার, 12ই অক্টোবর পর্যন্ত অব্যাহত ছিল। স্টেটব্যাপী, আইন প্রয়োগকারী সংস্থা এই আইন প্রয়োগের সময়কালের মধ্যে মোট 38,255টি টিকেট ইস্যু করেছে, যার মধ্যে 828টি টিকেট বেসামাল অবস্থায় গাড়ি চালানোর জন্যে এবং 10,593টি টিকেট মাত্রাতিরিক্ত গতিতে গাড়ি চালানোর জন্যে ছিল।

"গাড়ি চালানোর সময় যদি আমরা নিরাপত্তাকে আমাদের শীর্ষ অগ্রাধিকার বানিয়ে নিতে দৃঢ় প্রতিজ্ঞ হই, তাহলে মাত্রাতিরিক্ত গতিতে গাড়ি চালানো ও বেসামাল অবস্থায় গাড়ি চালানোর কারণে হওয়া মর্মান্তিক দুর্ঘটনাগুলো সম্পূর্ণভাবে এড়ানো সম্ভব," বলেছেন গভর্নর হোকল। "বেসামাল অবস্থায় গাড়ি চালানোর মাধ্যমে অন্যদের বিপদের সম্মুখীন করা ড্রাইভারদের প্রতি আমরা জিরো টলারেন্স নীতি প্রয়োগ করা অব্যাহত রাখবো।"

স্টেটের পুলিশ সুপারিন্টেন্ডেন্ট কেভিন পি. ব্রুয়েন বলেন, "এই ক্যাম্পেইনের ফলাফল থেকে দেখা গেছে যে অনেক বেশি সংখ্যক মানুষ গাড়ি চালানোর সময় তাদের গ্রহণ করা ভুল সিদ্ধান্তগুলোর মধ্য দিয়ে নিজেদের ও অন্যদের জীবনকে ঝুঁকির মুখে ফেলে দেন। সব ব্যবহারকারীর জন্য আমাদের সড়কগুলো নিরাপদ রাখার প্রয়াসে আমাদের ট্রুপাররা বেপরোয়াভাবে ও বেসামাল অবস্থায় গাড়ি চালানো ড্রাইভারদের ধর-পাকড় করা অব্যাহত রাখবেন।"

গভর্নরের যানবাহন সংক্রান্ত নিরাপত্তা কমিটির (Traffic Safety Committee) অর্থায়েন পরিচালিত, বিশেষভাবে আইন প্রয়োগের এই সময়কালে, নিউ ইয়র্ক স্টেট পুলিশ বেসামাল অবস্থায় গাড়ি চালানো ড্রাইভারদের বিরত রাখা, শনাক্ত করা ও গ্রেফতার করার উদ্দেশ্যে টহল

দেয়ার পরিমাণ বাড়িয়ে দিয়েছে এবং কোনো ড্রাইভার মাতল অবস্থায় রয়েছে কিনা তা চেক করার জন্য চেকপয়েন্টগুলো পরিচালনা করেছে।

বেসামাল অবস্থায় গাড়ি চালানোর জন্য স্টেট ট্রুপাররা 207 জন ব্যক্তিকে গ্রেফতার করেছে এবং 1,031টি গাড়ি দুর্ঘটনার তদন্ত করেছে, যার মধ্যে একটি প্রাণঘাতী দুর্ঘটনা ও 159টি ব্যক্তিগতভাবে আঘাত পাওয়ার দুর্ঘটনা অন্তর্ভুক্ত ছিল।

আইন প্রয়োগের অংশ হিসেবে, ট্রুপাররা স্টেটজুড়ে মাত্রাতিরিক্ত গতিতে, আগ্রাসীভাবে ও অমনোযোগী হয়ে গাড়ি চালানো ড্রাইভারদেরও টার্গেট করেছে।

ইস্যুকৃত মোট টিকেটের একটি নমুনা নিচে তুলে ধরা হলো।

মাত্রাতিরিক্ত গতিতে গাড়ি চালানো	7,389
অমনোযোগী হয়ে গাড়ি চালানো	410
সিটবেল্ট সংক্রান্ত নিয়ম লঙ্ঘন	707
পথ ছেড়ে দেয়া সংক্রান্ত আইন	143

আইন লঙ্ঘনকারী গাড়ি চালকদের আরো সহজে শনাক্ত করার উদ্দেশ্যে ট্রুপাররা এই ধর-পাকড়ের অংশ হিসেবে স্টেট পুলিশের প্রতীকযুক্ত যানবাহন এবং সাদা পোশাকে ট্রাফিক আইন প্রয়োগকারী সংস্থার (Concealed Identity Traffic Enforcement, CITE) যানবাহন, উভয় ধরনের যানবাহনই ব্যবহার করেছে। CITE-এর যানবাহনগুলো গাড়ি চালানোর ক্ষেত্রে লঙ্ঘনের ঘটনাগুলো আরো ভালোভাবে পর্যবেক্ষণ করার সুযোগ করে দেয়। এসব যানবাহন সাধারণ যানবাহনের সাথে মিশে যায় কিন্তু একবার জরুরি যানবাহনের আলো জ্বালানোর পরে জরুরি যানবাহন হিসেবে চিনে নিতে ভুল হয় না।

কলম্বাস ডে-এর সময়কালে ট্রুপার আইন প্রয়োগ করার ফলাফল:

ট্রুপ	অঞ্চল	DWI এর জন্য গ্রেপ্তার (ব্যক্তির সংখ্যা)	গতি	মনোযোগ বিক্ষিপ্ত অবস্থায় গাড়ি চালানো	শিশুকে সংযত রাখা/ সিট বেল্ট	মুভ ওভার	মোট টিকেট (অন্যান্য লঙ্ঘনগুলি অন্তর্ভুক্ত)
A	Western NY	19	672	22	75	2	1,553
B	North Country	11	279	15	28	11	1,032
C	Southern Tier	3	471	6	33	13	971
D	Central NY	11	697	60	55	17	1,819

E	Finger Lakes	21	650	27	166	9	2,005
F	Upper Hudson Valley	52	965	58	92	18	2,069
G	Capital Region	18	1,039	46	48	19	2,077
K	Lower Hudson Valley	37	883	35	32	16	1,665
L	Long Island	17	388	57	42	2	1,191
NYC	New York City	2	202	28	37	2	1,060
T	NYS Thruway	16	1,143	56	99	34	2,355
	মোট	207	7,389	410	707	143	17,797

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)